তারিখঃ ০৭ নভেম্বর ২০২৪

**বাংলাদেশ সংবাদ সংস্থা (বাসস)**
**৬৮/২, পুরানা পল্টন, ঢাকা-১০০০**

গত ০৩ (তিন) মাসে বাসস'র গৃহীত কার্যক্রমের প্রতিবেদন:

| ক্রম | মন্ত্রণালয়/বিভাগ | পদোন্নতি | বদলি | শাস্তিমূলক ব্যবস্থা | আইন/বিধি-বিধান তৈরি/সংশোধন | নীতিনির্ধারণী সিদ্ধান্ত | পাবলিক সার্ভিস ইনোভেশন/ ডিজিটাইজেশান | উল্লেখযোগ্য কার্যক্রম |
|---|---|---|---|---|---|---|---|---|
| ১ | ২ | ৩ | ৪ | ৫ | ৬ | ৭ | ৮ | ৯ |
| ১. | বাংলাদেশ সংবাদ সংস্থা (বাসস) | ১০ | ১০ | | | | | ১. নির্দেশনা অনুযায়ী ঢাকা ও ঢাকার বাইরের প্রতিবেদকরা প্রতিবেদন পাঠাতে শুরু করেন। ২১ আগস্ট ২০২৪ থেকে ০১ নভেম্বর-২০২৪ পর্যন্ত সময়ে বাসস বাংলা ও ইংরেজিতে মোট ২১৩টি প্রতিবেদন প্রকাশ করেছে। তথ্য ও সম্প্রচার মন্ত্রণালয়ের ০৯ সেপ্টেম্বর-২০২৪ তারিখের স্মারক নং-১৫.০০.০০০০.০১৫.১৬.০৪৭.২২/২০০ মূলে মন্ত্রণালয় সময়াবদ্ধ সংস্কার পরিকল্পনা (১০০ দিনের কর্মপরিকল্পনা) প্রণয়ন করে। সেখানে বাসস'র উদ্যোগকে সংযুক্ত করা হয়। কর্মপরিকল্পনা অনুযায়ী বাসস ২০০ জন শহীদের প্রতিবেদন এবং ৫০ জন আহত আন্দোলনকারী সম্পর্কে প্রতিবেদন প্রকাশ করার পরিকল্পনা গ্রহণ করে।<br>বাসস'র এই প্রতিবেদনগুলো ব্যাপকভাবে সমাদৃত হচ্ছে। বিভিন্ন পত্রিকা এই প্রতিবেদনগুলো প্রকাশ করছে। বাসস'র নিজস্ব ওয়েবসাইটেও "গণঅভ্যুত্থানের গাথা-বৈষম্যবিরোধী ছাত্র আন্দোলনে আত্মদানের গল্প" শিরোনামে এই প্রতিবেদনগুলো নিয়মিত প্রচার করা হচ্ছে। |

| ক্রম | মন্ত্রণালয়/বিভাগ | পদোন্নতি | বদলি | শাস্তিমূলক ব্যবস্থা | আইন/বিধি-বিধান তৈরি/সংশোধন | নীতিনির্ধারণী সিদ্ধান্ত | পাবলিক সার্ভিস ইনোভেশন /ডিজিটালাইজেশান | উল্লেখযোগ্য কার্যক্রম |
|---|---|---|---|---|---|---|---|---|
| ১ | ২ | ৩ | ৪ | ৫ | ৬ | ৭ | ৮ | ৯ |
| | | | | | | | | গত ২১ আগস্ট-২০২৪ থেকে ০১ নভেম্বর-২০২৪ পর্যন্ত সময়ে বাসস থেকে ইংরেজিতে "News on Martyr and Injured during Mass Uprisin" শিরোনামে ৭০টি এবং বাংলায় গণঅভ্যুত্থানের গাথা-'বৈষম্যবিরোধী ছাত্র আন্দোলনে আত্মদানের গল্প' শিরোনামে ১৪৩টি সহ সর্বমোট ২১৩ টি সংবাদ সংগ্রহ ও প্রচার করা হয়েছে।<br>২. বাসস থেকে পতিত সরকারের ২০০৯-২০২৪ সাল পর্যন্ত সকল দুর্নীতি, অনাচার, দমন-পীড়ন, মানবতাবিরোধী অপরাধ, সাম্প্রতিক হত্যাযজ্ঞ ইত্যাদি বিষয় অন্তর্ভুক্ত করে নিয়মিত সংবাদ সংগ্রহ ও প্রচারের মাধ্যমে বিগত সরকারের সকল দুর্নীতি, অনাচার, দমন-পীড়ন, মানবতাবিরোধী অপরাধ, সাম্প্রতিক হত্যাযজ্ঞের সঠিক তথ্য সাধারণ জনগণের নিকট তুলে ধরা সম্ভব হচ্ছে।<br>৩. সংস্থার ব্যবস্থাপনা পরিচালক ও প্রধান সম্পাদক দায়িত্ব গ্রহণ করার পর সংস্থার সংবাদ সংগ্রহ ও বিতরণ কাজ সুষ্ঠুভাবে সম্পাদনের লক্ষ্যে একটি অফিস আদেশের মাধ্যমে বিট নির্ধারণপূর্বক কর্মরত সাংবাদিকদের মাননীয় প্রধান উপদেষ্টা ও বিভিন্ন মন্ত্রণালয়ের সংবাদ সংগ্রহের দায়িত্ব বন্টন করেন।<br>বাসস থেকে আগস্ট-২০২৪ থেকে অক্টোবর-২০২৪ পর্যন্ত সময়ে ২৯,০৩৩টি সংবাদ সংগ্রহ করে সকল গণমাধ্যম, প্রিন্ট মিডিয়া ও বাসস'র নিজস্ব ওয়েবসাইটে প্রচার করা হয়েছে। |

| ক্রম | মন্ত্রণালয়/বিভাগ | পদোন্নতি | বদলি | শাস্তিমূলক ব্যবস্থা | আইন/বিধি-বিধান তৈরি/সংশোধন | নীতিনির্ধারণী সিদ্ধান্ত | পাবলিক সার্ভিস ইনোভেশন/ডিজিটালাইজেশান | উল্লেখযোগ্য কার্যক্রম |
|---|---|---|---|---|---|---|---|---|
| ১ | ২ | ৩ | ৪ | ৫ | ৬ | ৭ | ৮ | ৯ |
| | | | | | | | | ৪. সংস্থায় পরিবর্তিত সময়ে ১৭টি কমিটি পুনর্গঠন করা হয়েছে। বিশেষ করে বিগত পতিত আওয়ামী লীগ সরকারের আমলে সংস্থার যে সকল সাংবাদিক, কর্মকর্তা/কর্মচারিকে রাজনৈতিক বিদ্বেষবসত চাকুরিচ্যুত করে বৈষম্য তৈরি করা হয়েছে ঐ সকল সাংবাদিক, কর্মকর্তা/কর্মচারি বর্তমান অন্তর্বতীকালীন সরকার ক্ষমতায় আসার পর সৃষ্ট বৈষম্য নিরসনের জন্য আবেদন করেছেন।<br>আবেদনকারী সাংবাদিক, কর্মকর্তা/কর্মচারিদের আবেদন, ব্যক্তিগত নথি এবং অপরাপর সংশ্লিষ্ট তথ্য পর্যালোচনা করে প্রতিবেদন দাখিলপূর্বক বৈষম্য নিরসনের জন্য ৭ (সাত) সদস্য বিশিষ্ট কমিটি গঠন করা হয়েছে।<br>সংস্থায় রাজনৈতিক বিদ্বেষবসত চাকুরিচ্যুত ঐ সকল সাংবাদিক, কর্মকর্তা/কর্মচারির বৈষম্য নিরসনের লক্ষ্যে কমিটি কাজ করে যাচ্ছে।<br>৫. বিগত তিন মাসে ১০জন সাংবাদিক, কর্মকর্তা/কর্মচারীকে পদোন্নতি প্রদান করা হয়েছে এবং ১০ জনকে বদলী করা হয়েছে।<br>ফলে সংস্থায় কাজে গতিশীলতা ফিরে এসেছে। |

**মাহবুব মোর্শেদ**
ব্যবস্থাপনা পরিচালক
ও প্রধান সম্পাদক